

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
www.dme.gov.bd

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৫.১৭- ৫৭০

তারিখ: ১১.০৯.২০১৭ খ্রি:।

বিষয়: বোয়ালমারী ছোলনা সালামিয়া ফাযিল মাদ্রাসা, বোয়ালমারী, ফরিদপুর-এ উপাধ্যক্ষ পদে নিয়োগে বিলম্বের কারণ দর্শানো প্রসঙ্গে।

- সূত্র: (১) বোয়ালমারী ছোলনা সালামিয়া ফাযিল মাদ্রাসা, বোয়ালমারী, ফরিদপুর-এর স্মারক নং-বোহোসাফামা/২০১৬/৬০ তারিখ: ১৪.০২.২০১৭ খ্রি:।  
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪ তারিখ: ০৯.০৯.২০১৫ খ্রি:।  
(৩) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৭.২৫.০০০০.০০৩.০২.০১৫.১৬-১১২ তারিখ: ২০.০২.২০১৭ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ১ নং স্মারক মূলে উল্লিখিত মাদ্রাসার অধ্যক্ষ, এর আবেদনের প্রেক্ষিতে সূত্রোক্ত (২) নং স্মারক মূলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের উপর অর্পিত ক্ষমতা বলে 'উপাধ্যক্ষ' পদে নিয়োগের লক্ষ্যে অত্র অধিদপ্তরের উপ-পরিচালক (অর্থ) কে ২০.০২.২০১৭ খ্রি: তারিখে সূত্রোক্ত ৩ নং স্মারক মূলে উক্ত মাদ্রাসার নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা-এর প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালনের নিমিত্ত মনোনয়ন প্রদান করা হয়।

০২. বর্ণিত মাদ্রাসার উপাধ্যক্ষ পদে নিয়োগ বোর্ডে ডিজির প্রতিনিধি প্রাপ্তির পর ইতোমধ্যে (২০.০২.২০১৭ হতে ১১.০৯.২০১৭) দীর্ঘ প্রায় ৭ মাস অতিবাহিত হতে চলেছে। আজো বধি মহোদয়ের মাদ্রাসায় উপাধ্যক্ষ পদে নিয়োগের নিমিত্ত নিয়োগ বোর্ড গঠনের কোন পদক্ষেপই মহোদয় কর্তৃক গৃহীত হয়নি।

০৩. মাদ্রাসাটি ফরিদপুর জেলার ঐতিহ্যবাহী একটি শিক্ষা প্রতিষ্ঠান। মাদ্রাসাটির দাপ্তরিক ও একাডেমিক ধারাবাহিকতা রক্ষা এবং প্রশাসনিক প্রয়োজনে নিম্নে বর্ণিত তথ্যাদি প্রয়োজন।

০৪.

(ক) ১ নং স্মারক মূলে অধ্যক্ষ, কর্তৃক ১৪.০২.২০১৭ তারিখে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে উপাধ্যক্ষ পদে নিয়োগের নিমিত্ত নিয়োগ বোর্ডে ডিজির প্রতিনিধি প্রাপ্তির জন্য আবেদন দাখিলের পূর্বে কত দিন যাবৎ উপাধ্যক্ষের পদটি শূন্য রয়েছে? কারণ কি?

(খ) দীর্ঘ দিন যাবৎ উপাধ্যক্ষের পদটি শূন্য থাকায় প্রশাসনিক ও একাডেমিক দিকে কি কি সমস্যা হচ্ছে?

(গ) উপাধ্যক্ষের পদে নিয়োগের নিমিত্ত নিয়োগ বোর্ড গঠনে দীর্ঘ দিন (প্রায় সাত মাস) বিলম্ব/কালক্ষেপণ করার কারণ কি?

(ঘ) উপাধ্যক্ষ নিয়োগের ক্ষেত্রে নিয়োগ বোর্ড গঠনে অধ্যক্ষ কর্তৃক কি কি পদক্ষেপ/উদ্যোগ গৃহীত হয়েছে?

(ঙ) উদ্যোগ গ্রহণ করা হয়ে থাকলে এর ফলাফল কি?

(চ) উদ্যোগ গ্রহণ না করা হয়ে থাকলে এর কারণ কি এবং এর জন্য কে বা কারা দায়ী?

(ছ) উপাধ্যক্ষ পদে নিয়োগ সম্পন্ন করার বিষয়ে বর্তমান অধ্যক্ষ এর কি কি পরিকল্পনা বিবেচনায় আছে?


(জ) উপাধ্যক্ষ নিয়োগের কার্যক্রমটি কবে নাগাদ শেষ হবে?

(ঝ) উপাধ্যক্ষ নিয়োগের এ দীর্ঘ সূত্রীতায় তাঁর (অধ্যক্ষ) কোন দায়িত্বে অবহেলা আছে কি না?

০৫. এমতাবস্থায় উপরে চাহিত তথ্যসহ উপাধ্যক্ষ নিয়োগে বিলম্বের কারণ ব্যাখ্যা করে একটি প্রতিবেদন আগামি ২৫.০৯.২০১৭ খ্রি: তারিখের মধ্যে এ অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। চাহিত তথ্য প্রদানে ব্যর্থতা অসাদাচরণ হিসেবে বিবেচিত হবে এবং তার জন্য মহোদয়ের বিরুদ্ধে বেতন স্থগিতসহ আইনানুগ পদক্ষেপ গৃহীত হবে।

অধ্যক্ষ

বোয়ালমারী ছোলনা সালামিয়া ফাযিল মাদ্রাসা, বোয়ালমারী, ফরিদপুর।



মোঃ সাইফুল ইসলাম

উপ-পরিচালক (প্রশাসন)

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং- ৯৩৪৫১৬৭

ই-মেইল-[dgdmeb@gmail.com](mailto:dgdmeb@gmail.com)

অনুলিপি(সদয় জ্ঞাতার্থে):

১. সচিব, কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা অঞ্চল।
৩. জেলা শিক্ষা অফিসার, ফরিদপুর।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বোয়ালমারী, ফরিদপুর।
৫. সভাপতি, গভর্নিং বডি, বোয়ালমারী ছোলনা সালামিয়া ফাযিল মাদ্রাসা, বোয়ালমারী, ফরিদপুর।
৬. অফিস কপি